

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
 গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
 নগর উন্নয়ন অধিদপ্তর
 টাউন প্ল্যানিং
 www.udd.gov.bd



স্মারক নম্বর: ২৫.৪৫.০০০০.০০০.৩৩.০০৩.১৭.৮

তারিখ: ২৭ মাঘ ১৪২৮

১০ ফেব্রুয়ারি ২০২২

বিষয়: ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড কর্তৃক বাস্তবায়নাধীন ঢাকা ম্যাস র‍্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট (লাইন-১) এর রিসিডিং সাব-স্টেশন (আরএসএস) নির্মাণের জন্য ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড এর অনুকূলে প্রশাসনিক অনুমোদন প্রাপ্ত ঢাকা জেলার গুলশান থানার তেজগাঁও সার্কেলের আওতাধীন ২২ নং জে.এল ভুক্ত বাড্ডা মৌজায় ব্যক্তি মালিকানাধীন ০.৬৭৫০ একর ভূমি অধিগ্রহণের অনাপত্তিপত্র প্রদান প্রসংগে।

সূত্র: ১। স্মারক নং-৩৫.০৫.০০০০.১১৯.৩৯.০০১.২১-৮২; তারিখ: ০১/০৯/২০২১ খ্রি:

২। স্মারক নং-৩৫.০৫.০০০০.১৩৫.৩৯.০০২.২২-০৫; তারিখ: ১৮/০১/২০২২ খ্রি:

ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল) কর্তৃক বাস্তবায়নাধীন ঢাকা ম্যাস র‍্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট (লাইন-১) এর রিসিডিং সাব-স্টেশন (আরএসএস) নির্মাণের জন্য ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড অনুকূলে প্রশাসনিক অনুমোদনপ্রাপ্ত ঢাকা জেলার গুলশান থানার তেজগাঁও সার্কেলের আওতাধীন ২২ নং জে. এলভুক্ত বাড্ডা মৌজায় ব্যক্তি মালিকানাধীন ০.৬৭৫০ একর ভূমি অধিগ্রহণের অনাপত্তিপত্র প্রদানের জন্য নগর উন্নয়ন অধিদপ্তরকে অনুরোধ করেছেন। প্রত্যাশি সংস্থা অত্র দপ্তরকে মোট ০.৬৭৫০ একর জমির তফশিল সরবরাহ করেছেন (তফশিলভুক্ত মোট ০.৬৭৫০ একর জমি (3501/potrojariAttachmentRef/9285/0/3383))।

জেলা	থানা	মৌজা	জে.এল নং	আরএস দাগ নং	ঢাকা সিটি জরিপের দাগ নং	চাহিতব্য জমির পরিমাণ (একর)	ভূমির শ্রেণী
ঢাকা	গুলশান	বাড্ডা	২২	৩০২৯	১৫০০৯	০.০২৬৬	নাল
ঢাকা	গুলশান	বাড্ডা	২২	৩০৩১		০.০০০২	নাল
ঢাকা	গুলশান	বাড্ডা	২২	৩০৩২		০.০২১৮	নাল
ঢাকা	গুলশান	বাড্ডা	২২	৩০৩৩		০.১০২৭	নাল
ঢাকা	গুলশান	বাড্ডা	২২	৩০৪৫		০.০১২৬	নাল
ঢাকা	গুলশান	বাড্ডা	২২	৮০২৪		০.০৮৩৫	চালা
ঢাকা	গুলশান	বাড্ডা	২২	৮০২৫		০.৪২৭৬	নাল
সর্বমোট চাহিতব্য জমির পরিমাণ						০.৬৭৫০ একর	

রাজউকের Detailed Area Plan (DAP) পর্যালোচনায় দেখা যায় যে, বাড্ডা মৌজায় চাহিতব্য জমির ভূমি ব্যবহার Urban residential Zone, Mixed Use Zone (Residential-General Industrial) & Institutional Zone হিসেবে দেখানো আছে। Landuse Permitted হিসেবে Communication Service Facilities, Communication Tower within Permitted Height & Public Transport Facility এর প্রস্তাবনা রয়েছে।

সরেজমিনে পরিদর্শনে দেখা যায় যে, প্রত্যাশী সংস্থা কর্তৃক সরবরাহকৃত মৌজাম্যাপ ও প্রত্যাশী সংস্থার প্রতিনিধি কর্তৃক নির্দেশিত প্রস্তাবিত জমি জেলা: ঢাকা, থানা: গুলশান, তেজগাঁও সার্কেলের আওতাধীন ২২ নং জে. এলভুক্ত বাড্ডা মৌজায় ০.৬৭৫০ একর ভূমি। প্রস্তাবিত জমির ভিতরে কিছু অংশে বেঁদে সম্প্রদায়ের লোক বসবাস করে, বেঁদেদের ভাষ্যমতে আনুমানিক ৪০ (চল্লিশ) টি ঘর আছে উক্ত ৪০ (চল্লিশ) ঘরের কিছু অংশ প্রস্তাবিত জায়গার ভিতরে। প্রস্তাবিত জায়গার ভিতরে একটি ডেইরী ফার্ম আছে, কিছু জায়গা প্লট আকারে আছে, আর বাকী অংশ বর্তমানে শাক-সবজী চাষ করে, উক্ত প্রস্তাবিত জায়গায় প্রবেশ করার রাস্তার জন্য ব্যক্তিগত স-মিলের কিছু অংশ ভাঙা পড়বে। প্রস্তাবিত জমির পারিপার্শ্বিক অবস্থা: উত্তর পার্শ্বে সেমিপাকাঁ ঘর, পূর্ব-পার্শ্বে প্লট আকারের জায়গা, দক্ষিণ পার্শ্বে ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের ক্যাম্পাস এবং পশ্চিম পার্শ্বে স-মিল। উক্ত প্রস্তাবিত জমির উপর হাই ভোল্টেজ ইলেকট্রিক লাইন আছে।

এছাড়াও প্রস্তাবিত জমিতে মন্দির, গির্জা, স্কুল, কলেজ, মাদ্রাসা ইত্যাদি সহ কোন সামাজিক ও ধর্মীয় প্রতিষ্ঠান নাই।

ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল) কর্তৃক বাস্তবায়নাধীন ঢাকা ম্যাস র‍্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট (লাইন-১) এর রিসিভিং সাব-স্টেশন (আরএসএস) নির্মাণের জন্য ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড অনুকূলে প্রশাসনিক অনুমোদনপ্রাপ্ত ঢাকা জেলার গুলশান থানার তেজগাঁও সার্কেলের আওতাধীন ২২ নং জে. এল ভুক্ত বাড্ডা মৌজায় ব্যক্তি মালিকানাধীন ০.৬৭৫০ একর ভূমি বৃহত্তর জনস্বার্থে অধিগ্রহণের প্রয়োজন আছে। ফলশ্রুতিতে, নিম্ন-লিখিত শর্তসাপেক্ষে উক্ত জমি অধিগ্রহণে অত্র দপ্তরের কোন আপত্তি নাই।

শর্তসমূহঃ

১। চাহিতব্য ভূমিতে DAP প্রস্তাবিত Urban residential Zone, Mixed Use Zone (Residential-General Industrial) & Institutional Zone -এ প্রচলিত আইন অনুসরণ করতে হবে এবং DAP এর রিভিউ কমিটির মাধ্যমে ভূমি ব্যবহারের শ্রেণী পরিবর্তন করে নিতে হবে।

২। প্রকল্প এলাকায় বিদ্যমান প্রাকৃতিক জলাধার যথাযথভাবে সংরক্ষণ করতে হবে।

৩। রাজউক প্রস্তাবিত রাস্তাগুলোর ভবিষ্যৎ সম্প্রসারণ বিবেচনা করে ডিজাইন করতে হবে এবং ক্ষতিগ্রস্ত রাস্তাগুলোর বিকল্প যোগাযোগ নিশ্চিত করতে হবে।

৪। Plantation এর ব্যবস্থা থাকতে হবে।

৫। সংলগ্ন সকল জায়গা সুরক্ষিত রাখতে হবে এবং প্রাকৃতিক সৌন্দর্য/পরিবেশ রক্ষার্থে ঐ সমস্ত জায়গা Beautification এর ব্যবস্থা নিতে হবে।

৬। রিসিভিং সাব-স্টেশনের অভ্যন্তরে পর্যাপ্ত জায়গা খালি রাখতে হবে।

৭। প্রবাহমান Vehicle গুলো যেন জনসাধারণের চলাচলে কোনভাবে বাধাগ্রস্ত না করে তার জন্য প্রয়োজনীয় Protective Measure/Physical Barrier/Signaling System থাকতে হবে।

৮। ক্ষতিগ্রস্ত প্লট মালিকদের নিয়মমাপিক ক্ষতিপূরণ পরিশোধ করতে হবে।

৯। Main Transport System লিংক করার ক্ষেত্রে সার্ভিস রাস্তার জন্য পর্যাপ্ত জায়গা খালি রাখতে হবে।

১০। চতুর্দিকে Noise Preventive Wall/Barrier এর ব্যবস্থা থাকতে হবে।

১১। অতি বৃষ্টির পানি নিষ্কাশনের জন্য পর্যাপ্ত Drainage এর ব্যবস্থা রাখতে হবে।

১২। রাজউক ও পরিবেশ অধিদপ্তর কর্তৃক প্রদত্ত সকল শর্তসমূহ অনুসরণ করতে হবে।

১৩। পূর্ব পার্শ্বে হাই ভোল্টেজ ইলেকট্রিক লাইন বিদ্যমান থাকায় সেখানে সংশ্লিষ্ট নিয়ম নীতি অনুসরণ করতে হবে।

সংযুক্তিঃ

১. সরেজমিনে প্রাপ্ত ভূমি ব্যবহার প্রতিবেদন (সরেজমিনে প্রাপ্ত ভূমি ব্যবহার প্রতিবেদন (3502/potrojariAttachmentRef/9285/0/3383))


২. ড্যাপ পর্যালোচনা প্রতিবেদন (ড্যাপ পর্যালোচনা প্রতিবেদন (3503/potrojariAttachmentRef/9285/0/3383))

৩. রিজিওনাল ম্যাপ (রিজিওনাল ম্যাপ (3504/potrojariAttachmentRef/9285/0/3383))

৪. রাজউক কর্তৃক প্রেরিত ছাড়পত্র (রাজউক কর্তৃক প্রেরিত ছাড়পত্র (3506/potrojariAttachmentRef/9285/0/3383))

৫. ভূমি ব্যবহার ম্যাপ (ভূমি ব্যবহার ম্যাপ (3508/potrojariAttachmentRef/9285/0/3383))

৬. তফশিলভুক্ত মোট ০.৬৭৫০ একর জমি (তফশিলভুক্ত মোট ০.৬৭৫০ একর জমি (3510/potrojariAttachmentRef/9285/0/3383))



১৩-২-২০২২

মো: মাহমুদ হোসেন

সিনিয়র প্ল্যানার

মো: সাইদুল হক, প্রকল্প পরিচালক, ঢাকা ম্যাস র‍্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট (লাইন-১), ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড

স্মারক নম্বর: ২৫.৪৫.০০০০.০০০.৩৩.০০৩.১৭.৮/১(১০)

তারিখ: ২৭ মাঘ ১৪২৮
১০ ফেব্রুয়ারি ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) পরিচালক (চলতি দায়িত্ব), পরিচালক এর দপ্তর, নগর উন্নয়ন অধিদপ্তর
- ২) উপসচিব, প্রশাসন-২ অধিশাখা, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
- ৩) একান্ত সচিব, প্রতিমন্ত্রীর দপ্তর, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
- ৪) একান্ত সচিব, সচিবের দপ্তর, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
- ৫) উপ-পরিচালক, উপ-পরিচালক এর দপ্তর(ভৌত পরিকল্পনা), নগর উন্নয়ন অধিদপ্তর
- ৬) সিনিয়র প্ল্যানার, ট্রেনিং এন্ড ডকুমেন্টেশন সেল, নগর উন্নয়ন অধিদপ্তর (পত্রটি ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)
- ৭) সিনিয়র প্ল্যানার, টাউন প্ল্যানিং, নগর উন্নয়ন অধিদপ্তর
- ৮) সহকারী প্রকৌশলী, সহকারী প্রকৌশলী(সার্ভে), নগর উন্নয়ন অধিদপ্তর
- ৯) সহকারী প্ল্যানার, টাউন প্ল্যানিং, নগর উন্নয়ন অধিদপ্তর
- ১০) প্রশাসনিক কর্মকর্তা, প্রশাসন শাখা, নগর উন্নয়ন অধিদপ্তর



১৩-২-২০২২

মো: রাসেদুল ইসলাম

সহকারী প্ল্যানার